

💵 কিতাবুত তাওহীদ

বিভাগ/অধ্যায়ঃ ১ হতে ৬৭ তম অধ্যায় রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মদ বিন আব্দুল ওহহাব

৬৬ - রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্ল**াম কর্তৃক তাওহীদ সংরক্ষণ এবং শিরকের মূলোৎ**পাটন

১। আবদুলাহ বিন আশশিখখির রা. থেকে বর্ণিত আছে, তিনি বলেন, আমি বনী আমেরের প্রতিনিধি দলের সঙ্গে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর নিকট গেলাম। আমরা তাকে উদ্দেশ্য করে বললাম, ألسيد الله [আপনি আমাদের প্রভু] তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, السيد الله [আল্লাহ তাআলাই হচ্ছেন প্রভু]। আমরা বললাম, 'আমাদের মধ্যে মর্যাদার দিক থেকে আপনি সর্বশ্রেষ্ঠ এবং আমাদের মধ্যে সর্বাধিক দানশীল ও ধৈর্যশীল।' এরপর তিনি বললেন,

قولوا بقولكم أو بعض قولكم ولا يستجرينكم الشيطان

''তোমরা তোমাদের বলে যাও। শয়তান যেন তোমাদের উপর সওয়ার না হতে পারে।'' (আবু দাওদ)

২। আনাস রা. থেকে বর্ণিতা্ছে, কতিপয় লোক রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্ল**ামকে লক্ষ্য করে বললো, "হে** আল্লাহর রাসূল, কে আমাদের মধ্যে সর্বোত্তম ব্যক্তি, এবং আমাদের প্রভূ তনয়" তখন তিনি বললেন,

يا أيها الناس قولوا بقولكم ولا يستهوينكم الشيطان

أنا محمد عبد الله ورسوله ما أحب أن ترفقوني فوق منزلتي التي أنزلني الله عز وجل.

হে লোক সকল, তোমরা তোমাদের কথা বলে যাও। শয়তান যেন তোমাদেরকে বিভ্রান্ত ও প্রতারিত করতে না পারে। আমি হচ্ছি মুহাম্মদ, আল্লাহর বান্দা এবং তার রাসূল। আল্লাহ তাআলা আমাকে যে মর্যাদার স্থানে অধিষ্টিত করেছেন, তোমরা এর উধ্বের্ব আমাকে স্থান দিবে এটা আমি পছন্দ করি না। (নাসায়ী)

- এ অধ্যায় থেকে নিম্নোক্ত বিষয়গুলো জানা যায়
- ১। দ্বীনের ব্যাপারে সীমা লংঘন না করার জন্য মানুষের প্রতি ভূশিয়ারী উচ্চারণ।
- ২। 'আপনি আমাদের প্রভূ বা মনিব' বলে সম্বোধন করা হলে জবাবে তার কি বলা উচিৎ, এ ব্যাপারে জ্ঞান লাভ।
- ৩। লোকেরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্ল**াম এর প্রতি সম্মান ও মর্যাদার ব্যাপারে** কিছু কথা বলার পর তিনি বলেছিলেন, "শয়তান যে তোমাদের উপর চড়াও না হয়।" অথচ তারা তাঁর ব্যাপারে হক কথাই বলেছিল। এর তাৎপর্য অনুধান করা।
- 8। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্ল**াম এর বাণী ما أحب أن ترفعوني فوق منزلتي** অর্থাৎ তোমরা আমাকে স্বীয় মর্যাদার উপরে স্থান দাও এটা আমি পছন্দ করিনা। একথার তাৎপর্য উপলব্ধি করা।



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন